

স্মারক নং- ৫২.০১.১০৮৮.০০০.৩৭.০২১.১৫- ১৭৩

তারিখ : ১৬ জানুয়ারি, ২০২০ খ্রিঃ।

নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাবীন “জনশুমারি ও গৃহগণনা-২০২১” এর লিস্টিং অপারেশন কার্যক্রমে ‘সুপারভাইজার ও তালিকাকারী/গণনাকারী’ পদে নিয়োগের প্যানেল গঠনের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শুধুমাত্র শেরপুর উপজেলার বসবাসকারী শিক্ষিত বেকার যুবক/যুব মহিলাদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।


ক্রমিক	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
০১	সুপারভাইজার	১) স্নাতক পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন কমপক্ষে ৬" বা তদুর্ধ্ব এবং স্ক্রিন সাইজ অন্তত ৫" ইঞ্চি থাকতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ২৫-৪০ বছরের মধ্যে হতে হবে। ৫) হাতের লেখা সহজে বোধগম্য ও সুন্দর হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে সুপারভাইজার হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।
০২	তালিকাকারী/গণনাকারী	১) ন্যূনতম এইচএসসি/সমমান পাস হতে হবে। ২) নিজস্ব স্মার্ট ফোন থাকতে হবে এবং চালনায় দক্ষ হতে হবে। ৩) স্মার্ট ফোনের এন্ড্রয়েড ভার্সন কমপক্ষে ৬" বা তদুর্ধ্ব এবং স্ক্রিন সাইজ অন্তত ৫" ইঞ্চি থাকতে হবে। ৪) ০১/০১/২০২০ তারিখে বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। ৫) হাতের লেখা সহজে বোধগম্য ও সুন্দর হতে হবে। ৬) উপর্যুক্ত শর্তাবলী পূরণ সাপেক্ষে পূর্ববর্তী কোন শুমারিতে গণনাকারী হিসেবে কাজের অভিজ্ঞতা থাকলে অগ্রাধিকার দেয়া হবে।

শর্তাবলীঃ

১. গণনাকারীকে স্ব স্ব গণনা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে।
২. লিস্টিং অপারেশন (ফেব্রুয়ারি/২০২০ মাসে) কার্যক্রম প্রতি তালিকাকারী ১০(দশ) দিনে মোট ৪০০ (কম/বেশি) খানার তালিকা করবেন।
৩. লিস্টিং অপারেশনে মোবাইল অ্যাপস ব্যবহার পূর্বক তথ্য সংগ্রহ করা হবে। বিধায় নিজস্ব স্মার্টফোন রয়েছে এবং স্মার্টফোন পরিচালনায় দক্ষতা আছে কেবল এমন প্রার্থীগণই আবেদন করতে পারবেন।
৪. নিয়োগের অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে মহিলা প্রার্থীগণকে অগ্রাধিকার প্রদান করা হবে এবং প্রতিটি জোনে কমপক্ষে ৫০% মহিলা শুমারি কর্মী নিয়োগ করা হবে।
৫. লিস্টিং অপারেশন/শুমারি চলাকালীন প্রার্থী নিজেকে অন্য কর্মে নিযুক্ত করতে পারবেন না।
৬. ভুল বা অসম্পূর্ণ আবেদন ফরম বাতিল বলে গণ্য হবে। একজন ব্যক্তি একটি মাত্র পদে আবেদন করতে পারবেন।

অন্যান্য তথ্যাবলিঃ

১. উপজেলা পরিসংখ্যান কার্যালয়, শেরপুর, বগুড়া এর ওয়েবসাইট [www.bbs.sherpur.bogra.gov.bd](http://www.bbs.sherpur.bogra.gov.bd) থেকে ডাউনলোড করে আবেদনের নির্ধারিত ফরম সংগ্রহপূর্বক সহস্বে পূরণ করে আবেদন করতে হবে।
২. আবেদন ফরমের সাথে সকল সনদ পত্রের ফটোকপি, জাতীয়পরিচয় পত্রের ফটোকপি, চেয়ারম্যান কতৃক নাগরিভূ সনদ পত্র/ জন্মনির্দান এর ফটোকপি জমাদিতে হবে।
৩. নির্বাচনী পরীক্ষার স্থান ও তারিখ উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েব সাইট [www.bbs.sherpur.bogra.gov.bd](http://www.bbs.sherpur.bogra.gov.bd) এর মাধ্যমে জানিয়ে দেওয়া হবে। মৌখিক পরীক্ষার সময় সকল সনদ পত্রের মূল কপি ও স্মার্টফোন প্রদর্শন করতে হবে।
৪. প্রার্থীকে খামের উপর পদের নাম, পৌরসভা/ইউনিয়নের গ্রাম ও ওয়ার্ড নং উল্লেখপূর্বক আগামী ২৩/০১/২০২০ খ্রিঃ তারিখের মধ্যে উপজেলা পরিসংখ্যান কার্যালয়, শেরপুর, বগুড়াতে নির্ধারিত বক্সে সরাসরি অথবা বাহক মারফত অফিস চলাকালীন সময়ের মধ্যে পৌছাতে হবে।
৫. প্রার্থীদের নির্বাচনী পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশ গ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ দেয়া হবে না।
৬. নির্বাচিত/অপেক্ষমান প্রার্থীদের তালিকা উপজেলা পরিসংখ্যান অফিসের ওয়েবসাইটে, উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা পরিসংখ্যান অফিস শেরপুর, বগুড়া এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে।
৭. নির্বাচিত প্রার্থী প্রশিক্ষণে অনুপস্থিত থাকলে তিনি কাজ করতে অগ্রহী নন বলে গণ্য হবেন ও তার নিয়োগ তাৎক্ষণিক বাতিল বলে গণ্য হবে। তার পরিবর্তে অপেক্ষমান তালিকা হতে নিয়োগ করা হবে।
৮. তালিকাকারী/গণনাকারী ও সুপারভাইজার নির্বাচন সংক্রান্ত বিষয়ে এতদুদ্দেশ্য গঠিত যাচাই বাছাই কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

  
(মোঃ লিয়াকত আলী সেখ)  
উপজেলা নির্বাহী অফিসার  
শেরপুর, বগুড়া।

ও  
সভাপতি